



AI for Bangla

‘বাংলার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা’ প্রতিযোগিতা ২০২১

ভাষা বিষয়ক ডেটাসেট/মডেল/ওয়ার্কিং-প্রটোটাইপ আহ্বান

কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ও তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষাকে সমৃদ্ধ করার লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি ডিভিশন বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। ‘মুজিব বর্ষ’ উদযাপন উপলক্ষে বাংলা ভাষা-প্রযুক্তি সংশ্লিষ্ট গবেষণা ও সফটওয়্যার ডেভেলপমেন্টে কার্যক্রমে নিযুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, তরুণ গবেষক ও ডেভেলপারদেরকে উৎসাহিত করার জন্য ‘বাংলার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা’ (AI for Bangla) প্রতিযোগিতা ২০২১ প্রবর্তন করেছে, যা একটি উন্মুক্ত প্রতিযোগিতার অংশ হিসেবে প্রদান করা হবে। এই লক্ষ্যে তরুণ গবেষক ও ডেভেলপারদের কাছ থেকে পুরস্কারের উদ্দেশ্যে ‘ডেটাসেট’, ‘মডেল’ কিংবা ‘ওয়ার্কিং-প্রটোটাইপ’ (প্রথম ধাপে ধারণাপত্র ও দ্বিতীয় ধাপে রিসোর্স) জমাদানের আহ্বান করা হচ্ছে।

নিয়মাবলি ও প্রয়োজনীয় তথ্য:

- ১। জমাকৃত ‘ডেটাসেট’, ‘মডেল’ কিংবা ‘ওয়ার্কিং-প্রটোটাইপ’ থেকে প্রতিথযশা প্রযুক্তিবিদ অধ্যাপক মুহম্মদ জাফর ইকবালের সভাপতিত্বে একটি বিশেষজ্ঞ বিচারক প্যানেল সংক্ষিপ্ত তালিকা তৈরি করবেন। সংক্ষিপ্ত তালিকাভুক্ত হওয়ার পর প্রতিযোগী ব্যক্তি/দলকে তাদের কাজ ভার্যুয়ালি উপস্থাপন করতে হবে। যা থেকে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে।
- ২। জমাকৃত ডেটাসেট, মডেল বা ‘ওয়ার্কিং-প্রটোটাইপ’ গবেষক বা ডেভেলপারের চলমান বা পূর্ণাঙ্গ কাজ হতে পারে। একক ব্যক্তি বা দল হিসেবেও অংশ নেওয়া যাবে। সেক্ষেত্রে একটি দলের একজন মুখ্য প্রতিনিধি থাকবে। মেন্টরসহ এক দলে সর্বোচ্চ পাঁচজন থাকতে পারবে। দলের ক্ষেত্রে পুরস্কারের অর্থ ও ফ্রেস্ট একটি হবে, তবে সার্টিফিকেট স্বতন্ত্র হবে।
- ৩। প্রথমে আগ্রহী ব্যক্তি/দল লিংকের নির্ধারিত ফরমে তাদের কর্মের পরিচিতিমূলক ‘ধারণাপত্র’ (Concept Paper) পেপার জমা দেবেন। এই ধারণাপত্র বাংলায় বা ইংরেজিতে ভাষায় ১-৩ পৃষ্ঠায় লিখিত হবে। উন্মুক্ত আহ্বানের মাধ্যমে প্রাপ্ত এই ধারণাপত্রগুলো বিশেষজ্ঞ বিচারক প্যানেল মূল্যায়ন করে সংক্ষিপ্ত তালিকা তৈরি করবেন। এরপর সংক্ষিপ্ত তালিকাভুক্ত কর্মগুলোকে তাদের রিসোর্স (প্রোটোটাইপ, সোর্সকোড বা সমতুল্য) গুগল ড্রাইভ (বা সমতুল্য) রিপোজিটরিতে জমা দিবে এবং ও ভার্যুয়ালি প্রেজেন্টেশনের মাধ্যমে কর্মটি উপস্থাপন করবে। জমাদানকৃত সোর্সকোড ও প্রেজেন্টেশনের মাধ্যমে বিচারক প্যানেল চূড়ান্ত বিজয়ীদের নির্বাচিত করবেন। মার্চ মাসে একটি মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।
- ৪। জমাদানের শেষ তারিখ ০৯ মার্চ ২০২১। মার্চ মাসে একটি অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার বিতরণ করা হবে। রেজিস্ট্রেশন ও পুরস্কারের জন্য জমাদানের লিংকসহ বিস্তারিত www.bcc.gov.bd এবং www.bangla.gov.bd ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে। যেকোনো যোগাযোগের জন্য ইমেইল pdeblic@bcc.gov.bd অথবা ফোন 02-55006869।
- ৫। প্রথম পুরস্কার (০১টি) ১ লক্ষ টাকা, দ্বিতীয় পুরস্কার (০১টি) ৫০ হাজার টাকা, তৃতীয় পুরস্কার (০২টি) ২৫ হাজার টাকা এবং অনারবল মেনশন (০৫টি) ১০ হাজার টাকা পুরস্কার হিসেবে রয়েছে। এছাড়াও প্রথম থেকে তৃতীয় স্থানের জন্য ফ্রেস্ট ও সকলের জন্য সার্টিফিকেট রয়েছে রয়েছে।
- ৬। চূড়ান্ত মনোনীত রিসোর্সগুলো উন্নয়নকারী/উদ্ভাবকের আইপিআর রক্ষা করে ওয়েবে উন্মুক্ত করা হবে।
- ৭। জমাদানের জন্য ডেটাসেট, মডেল বা ‘ওয়ার্কিং-প্রটোটাইপ’ যেসব বিষয়ে হতে পারে: ম্যাশিন ট্রান্সলেশন, স্পিচ টু স্পিচ ম্যাশিন ট্রান্সলেশন, টেক্সট টু স্পিচ, স্পিচ টু টেক্সট, ওপিনিয়ন মাইনিং, সোশ্যাল মিডিয়া অ্যানালিটিকস, ফেইক নিউজ/ডিজইনফরম্যাশন ডিটেকশন, টেক্সট সামারাইজিং, টেক্সট ক্লোরিং, ওসিআর, হ্যান্ডরাইটিং রিকগনিশন, ক্যাপশন জেনারেশন, বাজওয়ার্ড এক্সট্রাকশন, কি-ওয়ার্ড স্পটিং ইন স্পিচ, স্টোরি প্লট প্রেডিিকশন, হিউমার রিকগনিশন, অথরশিপ অ্যাট্রিবিউশন, স্টাইলোমেট্রিক অ্যানালাইসিস, মেলডি ম্যাচিং, কোয়েশন আনসারিং, চ্যাটবট, টপিক মডেলিং/ টেক্সট ক্লাসিফিকেশন, স্পেল চেকিং, প্যারামেট্রিক ডিটেকশন, এনইআর, পিওএস ট্যাগিং, সেনটেন্স পারসিং, ওয়ার্ড এন্সেডিং, ওয়ার্ড-নেট, সাইন ল্যাংগুয়েজ রিকগনিশন, কিবোর্ড ফর লো-রিসোর্স ল্যাংগুয়েজ, কম্পিউটার ভিশন, হিউম্যান কম্পিউটার ইন্টারেকশন, লোকালাইজেশন, ডিজাইন ফন্ট এবং সমধর্মী অন্যান্য বিষয়।
- ৮। পুরস্কার ও প্রতিযোগিতার সকল ক্ষেত্রে ক্ষেত্রে বিচারক প্যানেলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।



গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে
বাংলা ভাষা সমৃদ্ধকরণ
ইমেইল pdeblic@bcc.gov.bd
ফোন 02-55006869।

বাংলা
bangla.gov.bd